

# অটোপাসের দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ওপর হামলা

মোস্তাফিজুর রহমান টিটু, স্টাফ রিপোর্টার, গাজীপুর

প্রকাশিত: ২২:০৪, ২১ মে ২০২৫; আপডেট: ২২:১২, ২১ মে ২০২৫



ছবি: সংগৃহীত

## 7 Celebrity Viral Hoaxes Exposed

### Misha Sawdagor Attack Video Goes Viral

The truth behind the shocking  
footage

A viral video claiming to show  
actor Misha Sawdagor being  
attacked on the street sparked  
widespread concern, but what's  
the real story?

১

গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ওপর হামলা করেছে অটোপাসের দাবিতে আন্দোলনরত স্নাতক (পাস) ২০২২ এর পরীক্ষার্থীরা। এতে উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ আহত হয়েছেন। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের প্রশাসনিক ভবনের গেটে তিনি গাড়ি থেকে নামার সময় এ ঘটনা ঘটে।

২

বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মোস্তাফিজুর রহমান।

৩

ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মোস্তাফিজুর রহমান জানান, বুধবার বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ ক্যাম্পাসের প্রশাসনিক ভবনের গেটে এসে গাড়ি থেকে নামছিলেন।

এসময় অটোপাসের দাবিতে স্নাতক (পাস) ২০২২ এর অকৃতকার্য পরীক্ষার্থীরা তাঁবে ঘিরে ধরে। এ সময় তাদের মধ্যে লুকিয়ে থাকা কিছু ছাত্র নামধারী দুষ্কৃতকারী অসৎ উদ্দেশ্যে উপাচার্যের ওপর ন্যাক্তারজনক হামলা চালায়। এতে তিনি কিছুটা আহত হন।

তিনি আরো জানান, গত কিছুদিন ধরে স্নাতক (পাস) ২০২২ এর অকৃতকার্য পরীক্ষার্থীরা অটোপাসের দাবি জানিয়ে আসছিল। অটোপাস না দেওয়ায় ইতোপূর্বে তারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একাধিকবার বিশ্রংখল অবস্থার সৃষ্টি করে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃঢ় অবস্থানের কারণে ওই স্নাতক (পাস) কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ৬৯% পরীক্ষার্থী পাস করে।

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Jana...  Share



Now Playing  
নয় বছরের আমানের  
বিশ্বরেকর্ড

পাহলা তৈর্যৰ উদযাপনে  
একসময়ে উঠেছে ২৬শ জ্বালা!

Watch on 

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

তিনি বলেন, এই ব্যাচের শিক্ষার্থীদেরকে ইতোমধ্যেই করোনা মহামারী এবং অন্যান্য রাজনৈতিক অস্থিরতার কথা বিবেচনা করে গ্রেস মার্ক দিয়ে পাস করানো হয়েছে। এছাড়া এদেরকে খাতা পুনঃমূল্যায়নের সুযোগও দেয়া হয়েছে, যার রেজাল্ট এ মাসেই বের হবে। কিন্তু বিভিন্ন মহলের উক্তানির পরিপ্রেক্ষিতে বুধবার তারা অটোপাসের দাবিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ওপর ন্যাক্তারজনক হামলা চালায়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হামলার ঘটনায় গাছা থানায় মামলা দায়েরের উদ্যোগ গ্রহণ  
করেছে।

---